

- ২০১ -

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।

৩০.১১
২০১১

স্মারক নং : ইউজিসি/বেসরকারি/৬১৬/২০১১/ ৬২০৬


তারিখ : ১৪ জ্যৈষ্ঠ ১৪২১ বঙ্গাব্দ
২৮ মে ২০১১ খ্রিস্টাব্দ

রেজিস্ট্রার
ফার্স্ট ফ্লাইট ইন্ডিজিয়ার্স অফ বাংলাদেশ
শাহনাজ ম্যানশন, পৌর কলেজপাড়া, চুয়াডাঙ্গা।

বিষয় : B. Sc. in Electrical and Electronic Engineering (EEE) প্রোগ্রাম অনুমোদন প্রসঙ্গে।

- জনাব,
- আপনাদের বিশ্ববিদ্যালয়ের প্রস্তাবিত B. Sc. in EEE (4-Year) প্রোগ্রামটি কমিশন কর্তৃপক্ষ নিম্নোক্ত শর্তে অনুমোদন করেছেন :
১. ক্রেডিট আওয়ারস (১৬০.৫ ক্রেডিট আওয়ারস) সহ সিলেবাসে মৌলিক বা গুরুত্বপূর্ণ কোন পরিবর্তনের প্রয়োজন হলে কমিশন কর্তৃপক্ষের অনুমোদন নিতে হবে।
 ২. প্রোগ্রামটি শুধুমাত্র উল্লিখিত ক্যাম্পাসে (শাহনাজ ম্যানশন, পৌর কলেজপাড়া, চুয়াডাঙ্গা) পরিচালনা করা যাবে, অন্য কোন ক্যাম্পাসে নয়।
 ৩. প্রোগ্রামটি ডিস্ট্যান্স লার্নিং 'mode' এ পরিচালনা করা যাবে না।
 ৪. কমিশন কর্তৃক অনুমোদিত স্নাতক পর্যায়ে কোন প্রোগ্রাম/কোর্সে ভর্তির জন্য শিক্ষার্থীকে অবশ্যই এইচ.এস.সি/এ-লেভেল বা সমমানের পরীক্ষায় পাশ থাকতে হবে। O-Level পাশ করা শিক্ষার্থীকে বিশ্ববিদ্যালয়ে ভর্তি করা যাবে না। এস.এস.সি এবং এইচ.এস.সি বা সমমানের পাবলিক পরীক্ষায় প্রতিটি পর্যায়ে ন্যূনতম দ্বিতীয় বিভাগ অথবা জিপিএ-২.৫ থাকতে হবে। কোন একটি পরীক্ষায় ন্যূনতম জিপিএ ২.০০ থাকলে দুই পরীক্ষা। মোট জিপিএ অন্ত্য ৬.০০ থাকতে হবে। তবে মুক্তিযোদ্ধার সন্তানদের জন্য দুই পরীক্ষায় মোট জিপিএ ৫.০০ থাকলে ভর্তির যোগ্য বলে বিবেচিত হবে। O-Level ও A-Level পরীক্ষায় অন্ত্য সাতটি বিষয়ের মধ্যে চারটিতে বি শ্রেণি বা জিপিএ ৪.০ এবং বাকি তিনটিতে সি গ্রেড বা জিপিএ ৩.৫ অবশ্যই থাকতে হবে। (JED) পরীক্ষার প্রতিটি পর্বে অথবা দুটি কোর্সেই পৃথকভাবে ৮০০ নম্বরের মধ্যে ৪১০ এবং গড়ে ৪৫০ নম্বর পেতে হবে।
 ৫. এই প্রোগ্রামটিতে বর্তমানে প্রতি সেমিস্টারে সর্বোচ্চ ২৫ জন শিক্ষার্থী ভর্তি করা যাবে। তবে এই পরের সাথে যুক্ত শর্তাদি (সংযুক্তি-ক) মোতাবেক পূর্ণাঙ্গ ল্যাবরেটরি স্থাপন করে কমিশনকে অবহিত করার পর সেমিস্টার-প্রতি সর্বোচ্চ ৪০ জন শিক্ষার্থী ভর্তি করা যাবে। কোনো কোর্সে ভর্তির সমস্যা প্রত্যেক ছাত্র-ছাত্রীকে একটি রেজিস্ট্রেশন নম্বর প্রদান করতে হবে এবং কোর্স সম্পন্ন না হওয়া পর্যন্ত তারা রেজিস্ট্রেশন নম্বর বহাল থাকবে এবং বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত সনদপত্র ও মার্কশীটে উক্ত রেজিস্ট্রেশন নম্বর উল্লেখ থাকতে হবে।
 ৬. কোন প্রোগ্রাম/কোর্স পরিচালনার জন্য কমিশনের শিক্ষক নিয়োগ নীতিমালা অনুযায়ী একজন অধ্যাপক/সহযোগী অধ্যাপকসহ ন্যূনতম ০৪ (চার) জন পূর্ণকালীন শিক্ষক থাকতে হবে। উল্লেখ্য, এডভাইজার পদধারী কোন ব্যক্তির দ্বারা কোন পূর্ণকালীন প্রোগ্রাম/কোর্স পরিচালনা করার সুযোগ নেই।
 ৭. বিশ্ববিদ্যালয়ের প্রদত্ত তালিকা অনুযায়ী অনুমোদিত শিক্ষক নিয়োগের পর নিয়োগকৃত কোন শিক্ষক পরিবর্তনের প্রয়োজন হলে পুনরায় কমিশনের অনুমোদন নিতে হবে। কোন কারণে বর্ণিত বিষয়ের ন্যূনতম শিক্ষক সংখ্যা (একজন অধ্যাপক/সহযোগী অধ্যাপকসহ কমপক্ষে ০৪ জন পূর্ণকালীন শিক্ষক) যাচাই করা দিলে প্রয়োজনীয় ন্যূনতম সংখ্যক শিক্ষক তিন মাসের মধ্যে পুনর্নিয়োগ দিয়ে কমিশনকে অবহিত করতে হবে।
 ৮. বর্ণিত কোর্সে পাঠদানের জন্য বিদেশী শিক্ষক নিয়োগ করার প্রয়োজন হলে কমিশনের অনুমোদন/সুপারিশ গ্রহণপূর্বক সরকারের নির্দেশ বিভাগ/দপ্তর থেকে ওয়ার্ক পারমিট সংগ্রহ করে কমিশনে জমা দিতে হবে।
 ৯. বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক অনুমোদিত অভিন্ন প্রেভিউ পদ্ধতি যথাযথভাবে অনুসরণ করতে হবে।
 ১০. প্রোগ্রামটি পরিচালনার ক্ষেত্রে এই অনুমোদন পত্রের সাথে যুক্ত 'সংযুক্তি-ক' এ বর্ণিত শর্তাবলী দ্রুত বাস্তবায়ন করে কমিশনকে অবহিত করতে হবে।
 ১১. এই প্রোগ্রামটি পত্র জারির তারিখ থেকে অনুমোদিত বলে গণ্য হবে। প্রোগ্রামটি পরবর্তী ০৪ বছর সময়ের জন্য অনুমোদিত বলে বিবেচিত হবে। উল্লিখিত সময়ের পর সিলেবাসটি Update করে কমিশনের অনুমোদন গ্রহণ করতে হবে।
- প্রোগ্রামটি পরিচালনার উদ্দেশ্যে উপরে উল্লিখিত শর্তসমূহ সপায়ণভাবে অনুসরণ ও প্রতিপালন নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।


কর্তৃপক্ষের নিম্নোক্ত স্মারক,


(মোঃ সুলতান আলম)
পরিচালক

বেসরকারি বিশ্ববিদ্যালয় বিভাগ, ইউজিসি।
ফোন : ৮১৮-১৬২১

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হ'ল :

১. সদস্য মহোদয় (আই এম সি টি'র সার্বিক দায়িত্বপ্রাপ্ত) ইউজিসি, ঢাকা (ওয়েবসাইট update করার নির্দেশ প্রদানের জন্য অনুরোধ করা হ'ল)।
২. চেয়ারম্যান (প্রতিমন্ত্রী) মহোদয়ের একান্ত-সচিব, ইউজিসি, ঢাকা।
৩. প্রশাসনিক কর্মকর্তা, সদস্য (প্রফেসর ড. আতকুল হাই শিবলী) মহোদয়ের দপ্তর, ইউজিসি, ঢাকা।
৪. সংশ্লিষ্ট নথি।
৫. নথি - ৩৮-৭/০১।
৬. বেঃ বিঃ গার্ড কাঁইল/নহানপি।


(বিষ্ণু মল্লিক) ২০১১
সিনিয়র সহকারী পরিচালক
বেসরকারি বিশ্ববিদ্যালয় বিভাগ, ইউজিসি।